# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩০

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ الثُّومِ إِلَّا مَطْبُوخًا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ

### বাংলা

৪২৩০-[৭২] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রান্না করা ব্যতীত রসুন খেতে নিষেধ করেছেন। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৮০৮, আবূ দাঊদ ৩৮২৮, ইরওয়া ২৫১২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়াহাক্বী ১৫২৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫২৬৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আল কারী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ আলোচ্য হাদীসটি পূর্ববর্তী একাধিক হাদীসের ‘আম বর্ণনাকে সুনির্দিষ্টভাবে বর্ণনা করেছেন। (অর্থাৎ পূর্ববর্তী হাদীসগুলোতে ‘আমভাবে রসুন খাওয়া নিষেধ করা হয়েছে, আর এ হাদীসে পাকানো রসুন ছাড়া কাঁচা রসুন খাওয়ার প্রতি নিষেধ করা হয়েছে)। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন